# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 13 April, 2025

নারায়ণগঞ্জ জেলা কারাগার থেকে মুক্তি পেয়েছেন নারায়ণগঞ্জ জেলা ছাত্রদলের সাবেক সভাপতি জাকির খান।দীর্ঘ দুই যুগ পর মুক্ত অবস্থায় নারায়ণগঞ্জ শহরে পা রাখলেন তিনি।

রোববার (১৩ এপ্রিল) সকালে নারায়ণগঞ্জ জেলা কারাগার থেকে তিনি মুক্তি পান।

জানা গেছে, সকাল সাড়ে ১০টায় জাকির খান কারাগার থেকে মুক্ত হলে তার আত্মীয়-স্বজন ও নেতাকর্মীরা জেল গেট থেকে ফুলের মালা দিয়ে তাকে বরণ করে নেন।এ সময় তিনি বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) ও ফিলিস্তিনের পতাকা নেড়ে আনন্দ উল্লাস করে।পরে গাড়িতে চড়ে তিনি পুরো শহর ঘুরে শোডাউন দেন।

বিষয়টি নিশ্চিত করে নারায়ণগঞ্জ জেলা কারাগারের জেল সুপার মোহাম্মদ ফোরকান ওয়াহিদ বলেন, সন্ত্রাস বিরুদ্ধে একটি মামলায় পাঁচ বছরের সাজার মেয়াদ শেষ হলে জাকির খানকে মুক্তি দেওয়া হয়।

জাকির খানের আইনজীবী অ্যাডভোকেট রবিউল ইসলাম বলেন, জাকির খানের বিরুদ্ধে ৩৩টি মামলা ছিল।এর মধ্যে ৩২টিতে তিনি খালাস পেয়েছেন।বাকি একটি মামলায় তিনি জামিনে আছেন।

তিনি আরও বলেন, অনেক আগে তার বিরুদ্ধে সন্ত্রাস বিরোধী একটি মামলা হয়েছিল। সেই মামলায় আজ তিনি সাজা শেষ করে মুক্তি পেয়েছেন।

প্রসঙ্গত, হত্যা মামলাসহ মোট ৩৩টি মামলার আসামি ছিলেন জাকির খান।দীর্ঘদিন পলাতক থাকার পর ২০২২ সালের ৩ সেপ্টেম্বর র‌্যাব-১১ এর একটি অভিযানে ঢাকার বসুন্ধরা আবাসিক এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়।এরপর ধাপে ধাপে বিভিন্ন মামলায় জামিন পান তিনি।চলতি বছরের ৭ জানুয়ারি সাব্বির আলম হত্যা মামলার রায়ে তিনি খালাস পান।

নারায়ণগঞ্জ ছাত্রদল আইনজীবী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:19

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/709775807